

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫২৮(আগরতলা, ১১।০।১)
করবুক, ১১ জানুয়ারী, ২০১৮

করবুক মহকুমা হাসপাতালের
ভিত্তিপ্রস্তর স্থাপন

এক আনন্দঘন অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ করবুক মহকুমা হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপিত হয়েছে। ভিত্তিপ্রস্তর স্থাপন করেন স্বাস্থ্যমন্ত্রী বাদল চৌধুরী। পঞ্চাশ শয্যা বিশিষ্ট দ্বিতল এই মহকুমা হাসপাতাল নির্মাণে ব্যয় ধরা হয়েছে ৭ কোটি ৭১ লক্ষ ৬৪ হাজার ৬৯৯ টাকা। যার মধ্যে রয়েছে ১৬টি স্টাফ কোয়ার্টার, রান্নাঘর এবং শবাগার। স্বাস্থ্যমন্ত্রী বাদল চৌধুরী এই মহকুমা হাসপাতালের শিল্যান্যাস করে বলেন, সরকারী হাসপাতালে চিকিৎসা যেন সবাই পায় তার জন্য কাজ করছে সরকার। রাজ্য সরকার রাজ্যে প্রতি ৭-৮ কি.মি-র মধ্যে একটি করে হাসপাতাল তৈরী করার পরিকল্পনা নিয়েছে। প্রশাসনকে জনগণের কাছে নিয়ে যাওয়ার জন্য নতুন নতুন মহকুমা ও ব্লক গঠন করা হয়েছে। তিনি আরো বলেন, বর্তমানে রাজ্যে প্রসূতি মা এবং শিশু মৃত্যুর হার অনেক কমেছে। বর্তমানে উপস্বাস্থ্য কেন্দ্রগুলিতে প্রায় সমস্ত ধরনের পরিষেবা পাওয়া যায়। তিনি আশাকর্মী এবং অঙ্গনওয়ামী কর্মীদের বাড়ীতে গিয়ে স্বাস্থ্য পরীক্ষা করার জন্য বলেন। তিনি বলেন, সরকার রাজ্যের অনুন্নত অঞ্চলগুলিকে চিহ্নিত করে সার্বিকভাবে উন্নয়নের কাজ করছে।

তিনি বলেন, যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে সরকার গুরুত্ব দিয়ে কাজ করছে। প্রতিটি ছোট রাস্তাকে জাতীয় সড়কের সাথে যুক্ত করা হচ্ছে। যাতে করে দূরবর্তী এলাকার মানুষ সহজেই মহকুমা সদরে আসতে পারেন। তিনি বলেন, সরকার যেখানে সাধারণ মানুষের উন্নয়নে কাজ করছে সেখানে একটি বিভেদকামী গোষ্ঠী মাথাচাড়া দিয়ে ওঠেছে। জাতি উপজাতির মধ্যে বিভেদ তৈরী করার চেষ্টা করছে। আলাদা রাজ্যের দাবিদার গোষ্ঠীর সাথে যোগাযোগ করছে উগ্র সাম্প্রদায়িক শক্তি। তিনি আরও বলেন, দেশের রাষ্ট্রীয়ত্ব সম্পত্তিগুলি এখন কর্পোরেটরদের হাতে তুলে দেওয়ার পরিকল্পনা নেওয়া হয়েছে। তিনি জাতি উপজাতির ঐক্যও সংহতি বজায় রাখার আহ্বান জানিয়ে বলেন, ত্রিপুরা রাজ্যকে শান্তির রাজ্য হিসাবে সারা ভারতবাসী জানেন। শান্তি সম্প্রীতি বজায় থাকলে রাজ্যের মানুষের উন্নয়ন সম্ভব বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

এছাড়া অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিধায়ক প্রিয়মনি দেববর্মা, টি টি এ এ ডি-র কার্যনির্বাহী সদস্য শান্তনু জমাতিয়া, পূর্ত দপ্তরের মুখ্য বাস্তুকার অমিত ভৌমিক, স্বাস্থ্য দপ্তরের অতিরিক্ত সচিব ও অধিকর্তা ডাঃ জে কে দেববর্মা। স্বাগত ভাষণ রাখেন গোমতী জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ নিরুমোহন জমাতিয়া। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন করবুক বি এ সি চেয়ারম্যান তরেন্দ্র রিয়াং।
